গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা  নির্বাহী অফিসারের কার্যালয়
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

স্মারক নং- - ০৫.৪১.৪৮৫৪.০০০.০০.০৪৮.২৫-৫৩৫ তারিখ: ৬ আগস্ট, ২০২৬ খ্রি.

অফিস আদেশ

ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬-এর নির্দেশিকা মতে  কুলিয়ারচর উপজেলার ১ (এক)টি পৌরসভা ও ৬ (ছয়)টি ইউনিয়নের জন্য স্বেচ্ছাসেবী সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী পদে আবেদনকারী প্রার্থীদের জমাকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই,Walk in Interview গ্রহণ সম্পন্ন করা হয়েছে। উক্ত কার্যক্রমের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হয়েছে।প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা প্রশাসনের ওয়েবসাইট  এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইট প্রকাশের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে অনুমোদন প্রদান করা হলো–

শর্তাবলি

১। প্রাথমিকভাবে নির্বাচিত ও রিজার্ভ তালিকাভুক্ত প্রার্থীগণ প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন।

২। অপেক্ষমান তালিকা কোনো অবস্থাতেই মেধাক্রম বা সিরিয়াল অনুসারে প্রস্তুত করা হয়নি। প্রশাসনিক প্রয়োজন, কর্মদক্ষতা, স্থানীয়  চাহিদা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনায় অপেক্ষমান তালিকা থেকে প্রার্থী নির্বাচন করা হতে পারে

৩। কোনো প্রার্থীর জমাকৃত তথ্য, সনদপত্র বা অন্যান্য কাগজপত্রে অসঙ্গতি, ভুল তথ্য বা জালিয়াতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর মনোনয়ন যে কোনো সময় বাতিল করা যাবে।

৪। প্রশিক্ষণে অনুপস্থিতি, অসদাচরণ, অযোগ্যতা অথবা কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর মনোনয়ন বাতিল করা যাবে।

৫। প্রাথমিকভাবে নির্বাচিত কোনো প্রার্থী অনুপস্থিত, অযোগ্য বা অনিচ্ছুক হলে প্রশাসনিক প্রয়োজনে রিজার্ভ অথবা অপেক্ষমান তালিকা থেকে প্রার্থী নির্বাচন করা যেতে পারে।

৬। প্রশাসনিক, কারিগরি বা অন্য যেকোনো কারণে কর্তৃপক্ষ যে কোনো সময়, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান তালিকা সংশোধন, সংযোজন, বিয়োজন, স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৭। এই অফিস আদেশের যেকোনো বিষয়ে  উদ্ভূত জটিলতা নিরসনের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সংযুক্তি:   প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীদের তালিকা।(১৮ পাতা )

০৭/০৮/২৬

মোঃ ইয়াসিন খন্দকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

স্মারক নং- - ০৫.৪১.৪৮৫৪.০০০.০০.০৪৮.২৫-৫৩৫ তারিখ: ৬ আগস্ট, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২। একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, পাট ও বস্ত্র মন্ত্রণালয়।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কুলিয়ারচর
৬। সহকারী কমিশনার (ভূমি), কুলিয়ারচর, কিশোরগঞ্জ ।
৭। অফিসার ইনচার্জ, থানা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ ।
৮। সদস্য,........................................ ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
৯। সদস্য ........................................ ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১০। উপজেলা ........................................ ........... অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১১। প্রসাশক, কুলিয়ারচর,পৌরসভা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১২। চেয়ারম্যান .............................. ইউপি (সকল কুলিয়ারচর, কিশোরগঞ্জ),
১২। জনাব ........................................।
১৩। অফিস নথি।

০৭/০৮/২৬

মোঃ ইয়াসিন খন্দকার
উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।